

নিভে যাওয়া পিদিম

মাহমুদা রঞ্জু

কেয়াবনে সবুজ পাতায়

মুনিয়ার বিচ্ছল উচাটন

সীগালের জল কেলী

মাছ শীকারের নিবেদন ।

প্রাণপাখী উড়ে গেল

অজানায় -

পৃথিবীর কাছে দিবি

ফিরে কি আসবে সত্যি ?

স্ব-রাজ হোয়ে

সাগর উর্মিরে নিবেদন ।

সোনাপিদিম মানিক হোল

নিভে যাওয়া পিদিম ।

যতটুকু ভালবাসা প্রাপ্য ছিল

দিইনি - বুঝি ফুরিয়ে যাবে ।

সহস্রগুন অর্জন ছিল

অকল্পনীয় অনুভবে ।

পাজরভেদী আঘাত হৎপিণ্ডে

চোরাবালির উন্মত্ত জলোচ্ছাস

সাড়াসির চঞ্চুতে বাঁধা পাজর ।

চেতনায় অচৈতন্য মৃত্যুবাণ

শুণ্যতার যোজন যোজন আধার ।

নিভে যাওয়া প্রদীপের শিখা এখন

মায়ের বুকে দুমন্ত আগ্নেয়গিরি

স্বরাজ - ৩০ বর্ষের আনন্দ,

বেদনার আকরিক খনি ।

বুকের আগল দিয়ে

কপালে ছোট আদর দিয়ে

বলতে চেয়েছি --

পৃথিবীর চেয়েও বড় আমার ভালবাসা

তোর জন্য ।

বলা হয়নি ।

বলতে হোল কবরের মাটি ছুয়ে ।

নীরব নীথির নিষ্পলক

স্বরাজ প্রথম এবং শেষ

উচ্ছসিত উদ্দমিত অফুরন্ত

মনোবল ফুর্কারে নিভে গেল ।

উর্মি হায় উর্মি !! কী প্রচন্ড আঘাত ?

মায়ের হৎপিণ্ডছিড়ে

সোনার পিদিম নিভে যায়

রেখে অনন্ত হাহাকার ।

নিবুম দ্বীপের বালিয়ারিতে স্বরাজ

কেয়াবনের পরাগ রেনুতে স্বরাজ

উন্মত্ত উর্মির তাঙ্গবে স্বরাজ

স্বরাজ আমাদের স্বরাজ

আজ সৃষ্টির সর্বত্র ।

নামাজের বিছানার পাশে

মার্কতির ড্রায়ভিং সিটে

হাস্যজল স্বরাজ ।

বেহেশতের গোলাপ বাগানে স্বরাজ ।

পৃথিবীর জনারণ্য থেকে

নিভে যাওয়া একটি প্রদীপ ।

আনন্দ পলাতক আনন্দ সভায়,

নিভে যাওয়া দ্বীপের আলোয়-আভায়,

জীবনের কোলাহল শুরুতায় পরাভুত ।

পাজরের প্রস্থে প্রস্থে নিভৃত --

একটি একটি পাথর জমা

আক্রান্ত হদয়ের শুন্য মরণতে ।

তবুও বেচে থাকা ভালো থাকা --

অবশিষ্ট আয়ুর সাথে লড়ে যাওয়া ।

চলন্ত সময়ের নিক্ষিতে,

নিঃশ্বাসে প্রশ্বাসে সৃতির সুবাসে,

মধ্যরাজনীর তাহাজ্যতের প্রার্থনায় মায়ের

শুন্য হাতের মোনাজাত,

বোনের সেজদার আকৃতি,

বেহেশতের দুয়ার খুলে দিয়ো দয়াময়

ওর জন্য, ওই নিভে যাওয়া

পিদিমের জন্য ।

ডিসেম্বর ২০০৬

সেন্টমার্টিনসে হারিয়ে যাওয়া স্বরাজের সুরণে ।

